



কুমিল্লা বোর্ডে জেএসসির ফল পুনঃনিরীক্ষণের আবেদন করেছে ১৩ হাজার শিক্ষার্থী

প্রকাশ : ১১ জানুয়ারি ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 কুমিল্লা প্রতিনিধি

কুমিল্লা শিক্ষাবোর্ডের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষা-২০১৮ এর ফল পুনঃনিরীক্ষণের জন্য ১২ হাজার ৮৫৩ জন আবেদন করেছেন। এর মধ্যে ইংরেজি বিষয়ে সবচেয়ে বেশি ২ হাজার ৯০৪ জন আবেদন করেছে। বাংলাদেশ ও বিশ্ব পরিচয় বিষয়ে আবেদন করেছে ২ হাজার ৫৬০ জন এবং গণিত বিষয়ে আবেদন করেছে ২ হাজার ৩৩৫ জন শিক্ষার্থী। গত ২৫ ডিসেম্বর থেকে ২ জানুয়ারি পর্যন্ত অনলাইনে ফল পুনঃনিরীক্ষণের এসব আবেদন গ্রহণ করা হয়। কুমিল্লা শিক্ষাবোর্ডের উপ-পরীক্ষা নিয়ন্ত্রক মো. শহিদুল ইসলাম জানান, আগামী ২৪ জানুয়ারি পুনঃনিরীক্ষণের ফল প্রকাশিত হবে।

জানা যায়, কুমিল্লা শিক্ষাবোর্ডে এবার জেএসসি পরীক্ষার ফলাফলে পাসের হার বাড়লেও উল্লেখযোগ্য সংখ্যক জিপিএ-৫ এর সংখ্যা কমেছে। চতুর্থ বিষয়ের নাম্বার যোগ না হওয়ার কারণে এবার জিপিএ-৫ কমেছে বলে জানান শিক্ষা বিশ্লেষকরা। ২০১৮ সালে কুমিল্লা শিক্ষাবোর্ডের অধীনে ৬টি জেলার ১৫৮টি শিক্ষাপ্রতিষ্ঠান থেকে ২ লাখ ৯২ হাজার ৮১১ জন পরীক্ষার্থী জেএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে। এতে উত্তীর্ণ হয় ২ লাখ ৫৪ হাজার ৭২৫ জন শিক্ষার্থী। যার শতকরা পাসের হার ৮৬ দশমিক ৯৯ শতাংশ। জিপিএ-৫ পেয়েছে ৩ হাজার ৭৪২ জন। ২০১৭ সালে কুমিল্লা শিক্ষাবোর্ডের পাসের হার ছিল ৬২ দশমিক ৮৩ শতাংশ।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।
